তারিখ ... 13 MAY 1990
পৃষ্ঠা ... ২ কলাম ... ৪ ...

দৈনিক ইত্তেফাক

30
81

এস এস সি পরীক্ষার দ্বিতীয় দিনে

# দেড় হাজার বহিষ্কার ।। হাটহাজারী ও রাউজানে সংঘর্ষ

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (শনিবার) দেশব্যাপী এস এস সি পরীক্ষার দ্বিতীয় দিনে ইংরেজী পরীক্ষার সময় চারিটি বোর্ডের বিভিন্ন কেন্দ্র হইতে কয়েক হাজার পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার, অবৈধ কাজে সহায়তার জন্য বেশ কিছু পরীক্ষা পরিদর্শক, শিক্ষককে বহিষ্কার ও কয়েকজন শিক্ষককে গ্রেফতারের খবর পাওয়া গিয়াছে। রাত্রি দশটা পর্যন্ত ঢাকা বোর্ডের কন্ট্রোলরুমে প্রাপ্ত তথ্যানুযায়ী ময়মনসিংহ জেলা বাদে অন্য পনেরটি জেলার বিভিন্ন কেন্দ্র হইতে মোট ১ হাজার ৪ শত ১৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। অসদুপায় অবলম্বনে সহযোগিতাদানের জন্য ১৪ জন পরিদর্শক

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## পরীক্ষার্থী এসিডদগ্ধ ।। সহপাঠী গ্রেফতার

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা জানান, এস, এস, সি পরীক্ষায় একই সাথে সীট নেওয়াকে কেন্দ্র করিয়া একজন এস, এস, সি পরীক্ষার্থীর এসিড নিক্ষেপে অপর পরীক্ষার্থী হাবিবুর রহমান সবুর এসিডদগ্ধ হইয়াছে। পুলিশ সূত্রে জানা গিয়াছে, কসবা উপজেলার জমসেদপুর

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## এস এস সি পরীক্ষা

(প্রথম পৃঃ পর)

শিক্ষককে বহিষ্কার এবং ৩ জন শিক্ষককে গ্রেফতার করা হইয়াছে। চট্টগ্রামের হাটহাজারী ও রাউজান কেন্দ্রে বহিরাগত উচ্ছৃঙ্খল লোকদের সহিত পুলিশের সংঘর্ষে ২ জন শিক্ষকসহ ১৯ জন আহত হয়। পুলিশ দুই কেন্দ্র হইতে ১২ জনকে গ্রেফতার করিয়াছে।

এদিকে বাসস জানায়, চারিটি বোর্ডের বিভিন্ন কেন্দ্র হইতে গতকাল অসদুপায় অবলম্বনের অভিযোগে ৩ হাজার ৬ শত ৪১ জন পরীক্ষার্থী ও ১৮ জন পরিদর্শককে বহিষ্কার এবং ২৭ জন বহিরাগতকে গ্রেফতার করা হইয়াছে। বোর্ডওয়ারী বহিষ্কৃতদের তালিকা : ঢাকা-১ হাজার ১ শত ৯৪ জন, রাজশাহী-১ হাজার ৭ শত ৩৮, কুমিল্লা-৬ শত ৮ জন ও যশোর-১ শত ১।

ইত্তেফাকের ষ্টাফ রিপোর্টার জানান, ঢাকা মহানগরীর দুইটি কেন্দ্র হইতে ২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। জেলাওয়ারী বহিষ্কৃতদের তালিকা : গাজীপুর-৬৬ জন পরীক্ষার্থী, নরসিংদী-৫৫ জন পরীক্ষার্থী ও ১ জন শিক্ষক-পরিদর্শক, মুন্সীগঞ্জ-৪৫ জন পরীক্ষার্থী, মানিকগঞ্জ (শুধু সিঙ্গাইর)-১৪ জন পরীক্ষার্থী, টাঙ্গাইল-২শত ৭ জন পরীক্ষার্থী, ফরিদপুর-১শত ১০জন পরীক্ষার্থী ও ৫জন শিক্ষক, মাদারীপুর ৯৩ জন পরীক্ষার্থী ও ২জন শিক্ষক (গ্রেফতার), শরিয়তপুর-৩৯জন পরীক্ষার্থী, রাজবাড়ী-২২ জন পরীক্ষার্থী, গোপালগঞ্জ-৮১ জন পরীক্ষার্থী ও ১ জন শিক্ষক, কিশোরগঞ্জ-২ শত ৬ জন পরীক্ষার্থী, নেত্রকোনা-৭৭ জন পরীক্ষার্থী, জামালপুর-২ শত ৩৮ জন পরীক্ষার্থী ও ৫ জন শিক্ষক এবং ৩ জন শিক্ষক (গ্রেফতার) শেরপুর-১ শত ৫৯ জন পরীক্ষার্থী।

সিলেট অফিস জানায়, সিলেট সদরে এসএসসি পরীক্ষা কেন্দ্র সমূহের ১৪৪ ধারা লঙ্ঘন করিয়া নকল সরবরাহের দায়ে কোতয়ালী পুলিশ গতকাল (শনিবার) ৮ জন যুবককে গ্রেফতার করিয়াছে। তাহাদের বিরুদ্ধে কোতয়ালী থানায় মামলা দায়ের করা হয় এবং জেলহাজতে প্রেরণ করা হয়।

চট্টগ্রাম অফিস জানায়, এস, এসসি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল (শনিবার) চট্টগ্রামের ৯টি উপজেলার বিভিন্ন কেন্দ্র হইতে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৯৬ জনকে বহিষ্কার করা হইয়াছে। পরীক্ষা চলাকালীন সময়ে, হাটহাজারী ও রাউজান সদর স্কুল কেন্দ্রে বহিরাগত উচ্ছৃঙ্খল জনতার সহিত পুলিশের সংঘর্ষে ২ জন শিক্ষকসহ ১৯ জন আহত হয়। পুলিশ হাটহাজারী হইতে ৭ জন ও রাউজান হইতে ৫ জনকে গ্রেফতার করে। হাটহাজারীতে পুলিশের হস্তক্ষেপের প্রতিবাদে বিক্ষোভ মিছিল বাহির হয়। এখানে জনতার ইষ্টক বর্ষণে ২ জন শিক্ষক আহত হয়। সংঘর্ষ সত্ত্বেও কেন্দ্র ২টিতে যথারীতি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

নারায়ণগঞ্জ সংবাদদাতা জানান, রূপগঞ্জের মুড়াপাড়া হাইস্কুল কেন্দ্রে নকল সরবরাহের অভিযোগে ২ জন বহিরাগতকে গ্রেফতার করা হয়।

নোয়াখালীর চাটখিল কেন্দ্রে ১ জন নকল সরবরাহকারী ও হাতিয়া কেন্দ্রের ১ জন পিওন গ্রেফতার হয়। লক্ষ্মীপুরে ২ জন বহিরাগতকে গ্রেফতার করা হয়।

সিরাজগঞ্জ : বেলকুচি কেন্দ্রে খাতা বদলের সময় পুলিশ একজন পরীক্ষার্থী ও একজন বহিরাগতকে গ্রেফতার করে।

কুমিল্লা : বুড়িচং কেন্দ্রে নজির আহম্মদ নামক এক ভুয়া পরীক্ষার্থী এবং চান্দিনায় ১৭ জন বহিরাগত ও চৌদ্দগ্রামে বহিরাগত গ্রেফতার হইয়াছে।

মানিকগঞ্জ কেন্দ্র হইতে বহিরাগত ৩ জনকে গ্রেফতার এবং শিবালয় কেন্দ্রে বহিরাগত ২ জনকে ৭ শত টাকা জরিমানা করা হয়।

জয়পুরহাট : ভ্রাম্যমাণ আদালতের ম্যাজিষ্ট্রেট (সদর) সদর উপজেলার বাজলা সরকারী হাই স্কুল কেন্দ্র হইতে নকল সরবরাহের দায়ে ৪জনকে ৩হাজার টাকা করিয়া জরিমানা অনাদায়ে ৬ মাসের কারাদণ্ড এবং একজনকে দুই হাজার টাকা জরিমানা অনাদায়ে ৩ মাসের কারাদণ্ড প্রদান করেন। তাহারা জরিমানা না দেওয়ায় করায় তাহাদেরকে জেলে পাঠানো হয়।

কুষ্টিয়া : কুষ্টিয়া হাইস্কুল কেন্দ্রে পরীক্ষার্থী আবদুল ওহাব কতিপয় যুবকের ছুরিকাঘাতে আহত হয়। পুলিশ ঘটনার সহিত জড়িত থাকার অভিযোগে ৪ জনকে গ্রেফতার করে।

ব্রাহ্মণবাড়িয়া সংবাদদাতা জানান, গতকাল (শনিবার) এস এস সি পরীক্ষার দ্বিতীয় দিনে নকল সরবরাহের অভিযোগে একজন বহিরাগতকে ৫০ টাকা জরিমানা অনাদায়ে ৭ দিনের কারাদণ্ড প্রদান করা হয়।

মীর্জাগঞ্জ : সুবিদখালী কেন্দ্র হইতে ৭ জনকে বহিষ্কার করা হইয়াছে। তন্মধ্যে দুইজনকে গ্রেফতার করিয়া জেল হাজতে প্রেরণ করা হয়। এদিকে কর্তব্যে অবহেলার জন্য একজন পরিদর্শককে দায়িত্ব হইতে অব্যাহতি এবং অপর একজনকে কারণ দর্শানোর নোটিস প্রদান করা হইয়াছে।